দৈনিক ইত্তেফাক

তারিখ SEP. 13 1999
পৃষ্ঠা কলাম

33

## ফটিকছড়িতে ৫ ছাত্রের নম্বরপত্র জাল প্রমাণিত

হাটহাজারী হইতে সংবাদদাতা ॥ ফটিকছড়ি থানার দুইটি কলেজে ৫ ছাত্রের নম্বরপত্র জাল প্রমাণিত হওয়ায় তাহাদের বিরুদ্ধে মামলা হইয়াছে। বিগত ১৯৯৮-৯৯ শিক্ষা-বর্ষে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের দাখিলকৃত নম্বরপত্র-সমূহ ফাইল করার সময় তাহাদের নম্বরপত্র জাল প্রমাণিত হইয়াছে। তাহারা পরীক্ষায় পাস করিতে না পারিয়া জাল নম্বরপত্র সংগ্রহ করিয়াছিল। অভিযুক্তরা হইতেছে, লায়লা কবির ডিগ্রী কলেজের মোঃ সেলিম, মোঃ আলম, ফটিকছড়ি কলেজের দৌলত খান, মোঃ আজীম উদ্দিন ও টেটু কুমার আচার্য্য।